

Publication –Dainik Sambad	Page No. 7
Edition – Kolkata	Date – 25.11.2020

Recognition for iKure in social field

সামাজিক ক্ষেত্রে স্বীকৃতি 'আইকিয়োর'-এর

কলকাতা অফিস, ২৩ নভেম্বর ৪
একাদশতম সোশ্যাল এন্ট্রাপেনর অফ
দ্য ইয়ার (এসইওওয়াই)- ইন্ডিয়া
অ্যাওয়ার্ড, ২০২০-র চূড়ান্ত
প্রতিযোগীদের মধ্যে জয়গা করে নিল
কলকাতার 'আইকিয়োর'।
এসইওওয়াই পুরস্কারের জন্য তেইশটি
শহর থেকে একশোটিরও বেশি
আবেদন জমা পড়েছিল। এই বিশেষ
পুরস্কারের জন্য প্রতিযোগীদের মধ্যে
জয়গা করে নিতে স্ভাবতই উচ্ছ্বসিত
সংস্থার সকলে।

আইকিয়োরের প্রতিষ্ঠাতা এবং সিইও
সুজয় সাঁতরা বলেন, 'এমন একটি
পুরস্কারের চূড়ান্ত প্রার্থী হিসেবে
নির্বাচিত হতে পেরে সত্যিই আমি খুশি
ও গর্বিত।'

এক সাক্ষাৎকারে সুজয়বাবু বলেন,
'আমি এটা লক্ষ্য করে দেখেছি যে,
পশ্চিমবঙ্গ এবং গোটা পূর্ব ভারতে
স্বাস্থ্য পরিকাঠামোয় ঘাটতি রয়েছে।
চিকিৎসার জন্য অনেককেই ভেলোর,
চেন্নাই বা মুম্বাইতে দৌড়তে হয়।
স্বাস্থ্যক্ষেত্রে আসলে প্রযুক্তিগত দিকটি
তত উন্নত হয়নি ভারতের পূর্ব প্রান্তে।
সেজন্য গত দশ বছর ধরে আমরা
সামাজিক ক্ষেত্রে নানা কাজ করার
চেষ্টা করেছি।

গত পাঁচ বছর ধরে স্বাস্থ্য
পরিকাঠামোর উন্নয়নে কাজ করছি।'
লকডাউনের কঠিন সময়ে যখন
করোনার চিকিৎসার ওপরেই বেশি
জোর দেওয়া হচ্ছিল সেই সময় অন্য
শারীরিক সমস্যাতেও যাতে চিকিৎসা
পান মানুষ সেই বিষয়েই সাহায্য
করতে গ্রামে গ্রামে ঘোরেন এই সংস্থার
প্রতিনিধিরা।

মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা
বাড়াতেও যথাসম্ভব প্রচার চালানো
হচ্ছে সংস্থার তরফে। সেই কাজেরই
স্বীকৃতি পেল এই সংস্থা।